

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪



জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা
পল্টন, ঢাকা-১০০০।

নম্বর ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০১১.২০.১৯৩

তারিখ: ৪ চৈত্র ১৪২৭

১৮ মার্চ ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: আমদানি পারমিট (আইপি) এবং রপ্তানি পারমিট (ইপি) সংক্রান্ত ১১ টি সেবা **Online Licensing Module (OLM)** এর মাধ্যমে প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ অধিদপ্তর হতে প্রদত্ত সেবাসমূহ অনলাইনে প্রদানের লক্ষ্যে বিগত ০১ জুলাই ২০১৯ তারিখ হতে **Online Licensing Module (OLM)** চালু করা হয়েছে। OLM এর মাধ্যমে ০১ জুলাই ২০১৯ খ্রিঃ হতে আমদানি নিবন্ধন সনদ (আইআরসি), রপ্তানি নিবন্ধন সনদ (ইআরসি), রপ্তানি নিবন্ধন সনদ (ইন্ডেন্টিং সার্ভিস) এবং এসব সেবার সাথে সংশ্লিষ্ট মোট ১৬ টি সেবা বর্তমানে অনলাইনের মাধ্যমে প্রদান করা হচ্ছে।

২। এ অধিদপ্তর হতে প্রদত্ত আমদানি পারমিট (আইপি) এবং রপ্তানি পারমিট (ইপি) সংক্রান্ত ১১টি সেবা বর্তমানে ই-নথির মাধ্যমে প্রদান করা হচ্ছে। উল্লিখিত ১১ টি সেবা নিম্নরূপ:


আমদানি পারমিট (আইপি) সংক্রান্ত সেবাসমূহ: (ক) সরকারী প্রকল্পে ব্যবহারের উদ্দেশ্যে আমদানির জন্য, (খ) শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক আটককৃত মালামাল ছাড়করণ, (গ) বিদেশি বিনিয়োগকারী কর্তৃক প্রেরিত ইকুইটি ক্যাপিটাল মেশিনারীজ ছাড়করণের জন্য, (ঘ) বিনামূল্যে নমুনা বা বিজ্ঞাপন ও উপহার সামগ্রীর ক্ষেত্রে, (ঙ) প্রদর্শনীতে অংশগ্রহণের উদ্দেশ্যে পণ্য আমদানির জন্য, (চ) পূর্বানুমতির ভিত্তিতে আমদানিকৃত পণ্য ছাড়করণের ক্ষেত্রে।

রপ্তানি পারমিট (ইপি) সংক্রান্ত সেবাসমূহ: (ক) ওয়ারেন্ট রিপ্লেসমেন্ট এর ক্ষেত্রে, (খ) ফ্রাস্ট্রেটেড কার্গো পণ্যের ক্ষেত্রে, (গ) প্রমোশনাল পণ্যের ক্ষেত্রে, (ঘ) দেশীয় পণ্যের নমুনা প্রেরণের ক্ষেত্রে, (ঙ) ত্রান সামগ্রী ও উপহার সামগ্রী প্রেরণের ক্ষেত্রে।

৩। আইপি ও ইপি সংক্রান্ত বর্ণিত ১১ টি সেবা বর্তমানে ই-নথির মাধ্যমে প্রদান করা হলেও আগামী ২৫ মার্চ ২০২১ তারিখ হতে ই-নথির পরিবর্তে অনলাইন সেবা প্রদান পদ্ধতি **Online Licensing Module (OLM)** এর মাধ্যমে প্রদান করা হবে। উক্ত তারিখ হতে উল্লিখিত সেবাসমূহ আর ই-নথি বা ম্যানুয়াল পদ্ধতিতে প্রদান করা হবে না।

৪। বর্ণিত অবস্থায়, আগামী ২৫ মার্চ ২০২১ খ্রিঃ হতে সংশ্লিষ্ট সকল সেবা গ্রহীতাকে আইপি ও ইপি সংক্রান্ত উল্লিখিত ১১ টি সেবা গ্রহণের জন্য OLM এর ওয়েবসাইট (www.olm.ccie.gov.bd) ব্যবহার করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে এবং অনুমোদনের পরে সেবা গ্রাহকের OLM আইডিতে স্বয়ংক্রিয়ভাবে পারমিট পাওয়া যাবে।

৫। উল্লেখ্য, OLM এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে কোনরূপ তথ্য সরবরাহের প্রয়োজন হলে এ অধিদপ্তরের ওয়েবসাইটে (www.ccie.gov.bd) প্রকাশিত 'সিটিজেন চার্টার' এর সহায়তায় কিংবা হেল্প ডেস্ক (টেলিফোন নম্বর: ০২-৪১০৫০৫৫২) এর মাধ্যমে সহায়তা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৮-৩-২০২১

মোঃ আওলাদ হোসেন

নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)

ইমেইল:

controller.ho@ccie.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা- ১০০০।
- ৩) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫) প্রকল্প পরিচালক (সকল),
- ৬) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম/রাজশাহী
- ৭) জেলা প্রশাসক (সকল)
- ৮) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ১০) মাস্টার ফাইল, শাখা- ৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।